

বাংলাদেশ সেনাবাহিনী/এমওডিসি'র মৃত্যুবরণকারী সেনাসদস্যদের (জেসিও/ওআর)

পারিবারিক পেনশন প্রক্রিয়া সহজীকরণ প্রসঙ্গে।

⇒ প্রয়োজনীয় তথ্যাদি।

- ১। সিএমএইচ/হাসপাতাল/রেজিষ্টার্ড ডাক্তার/ক্যান্টনমেন্ট বোর্ড/স্থানীয় সরকার প্রতিনিধি কর্তৃক প্রদত্ত মৃত্যু সনদপত্র।
- ২। জেলা সশস্ত্র বাহিনী বোর্ড (ডিএএসবি) কর্তৃক সত্যায়িত মৃত সেনাসদস্যের এবং উত্তরাধিকারীর জাতীয় পরিচয়পত্রের ফটোকপি।
- ৩। জেলা সশস্ত্র বাহিনী বোর্ড (ডিএএসবি) কর্তৃক সত্যায়িত চাকুরি অবসান প্রত্যয়নপত্র-১৯৬৪ এর ফটোকপি।
- ৪। স্থানীয় চেয়ারম্যান/সিটি কর্পোরেশন/পৌরসভার কাউন্সিলর কর্তৃক প্রদত্ত সংশ্লিষ্ট সেনাসদস্যের স্ত্রী'র পুনঃবিবাহ না হওয়ার সনদপত্র।
- ৫। জেলা সশস্ত্র বাহিনী বোর্ড (ডিএএসবি) কর্তৃক সত্যায়িত নিজ এবং শিশু ভাতার জন্য সদ্য তোলা পাসপোর্ট সাইজের রঙ্গিন ছবি।
- ৬। ব্যাংক সনদপত্র -ব্যাংক কর্তৃক প্রদত্ত।
- ৭। জেলা সশস্ত্র বাহিনী বোর্ড (ডিএএসবি) কর্তৃক সত্যায়িত সুঃস্থ ভাতার আবেদন ফরম (দুঃস্থ ভাতা সেনা কল্যাণ হতে প্রদান করা হয়)।
- ৮। প্রতিবন্ধী সনদপত্র (যার জন্য প্রযোজ্য)।
- ৯। MICR চেকের পাতার ফটোকপি।
- ১০। চাকুরীরত অবস্থায় মৃত্যুবরণ করায় পারিবারিক পেনশন প্রদানের ক্ষেত্রে শেষ বেতনের প্রত্যয়নপত্র এবং চাকুরি বিবরণী (সীট রোল)।
- ১১। সরকারী বাসায় বসবাস করলে যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত না-দাবী সনদপত্র।
- ১২। পেনশনারের স্বামী/স্ত্রীর পুনঃবিবাহ বন্ধনে আবদ্ধ না হওয়ার অঙ্গীকারপত্র।
- ১৩। স্থানীয় সিটি কর্পোরেশনের কাউন্সিলর/পৌরসভার মেয়র/ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান কর্তৃক প্রদত্ত বৈধ উত্তরাধিকার সনদপত্র।
- ১৪। সমাজসেবা অধিদপ্তর কর্তৃক ইস্যুকৃত প্রতিবন্ধী সনদ।
- ১৫। প্রতিবন্ধী সন্তানের আজীবন পেনশন প্রাপ্যতার ক্ষেত্রে সেনাসদস্যের কর্মকালীন বা পেনশন ভোগরত অবস্থায় সিএমএইচ বা সিভিল সার্জন কর্তৃক গঠিত মেডিকেল বোর্ডের নিকট হতে গৃহীত প্রতিবন্ধিতার সনদপত্র।

⇒ শর্তাবলীঃ

- ১। অবসর গ্রহণের পর বিবাহ বন্ধনে আবদ্ধ হলে সেই স্ত্রী/স্বামী এবং সন্তান জন্ম নিলে জন্মগ্রহণকারী সন্তাবগণ পারিবারিক পেনশন প্রাপ্য হবেন না।
- ২। প্রতিবন্ধী সন্তান প্রতিবন্ধী কোটায় সরকারি বা স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে চাকুরি প্রাপ্ত হলে পারিবারিক পেনশন যোগ্য হবেন না।
- ৩। সেনাবাহিনীর মৃত্যুবরণকারী সেনাসদস্যদের পারিবারিক পেনশন প্রক্রিয়াকরণের ক্ষেত্রে প্রয়োজনীয় সংশোধনীয় জন্য প্রচলিত বিধি-বিধান অনুসরণ করতে হবে।
- ৪। সেনাবাহিনীর জন্য প্রযোজ্য পারিবারিক পেনশনের ক্ষেত্রে সময় সময়ে জারীকৃত সরকারি আদেশ অনুসরণ করতে হবে ;
এবং
- ৫। প্রশাসনিক মন্ত্রণালয় কর্তৃক আদেশ জারীর তারিখ হতে তা কার্যকর হবে।